192

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 FEB 1997
পৃষ্ঠা ৮ কলাম ৩

# ঢাকা কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের পদ বহুদিন যাবৎ শূন্য

মোড়ল নজরুল ইসলাম ॥ দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের মধ্যে ৩টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের পদ দীর্ঘদিন ধরিয়া শূন্য রহিয়াছে। ঢাকা, কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ চাকুরী হইতে অবসর গ্রহণের পর পদগুলি শূন্য হয়। আগামী মার্চের প্রথম সপ্তাহে দেশব্যাপী এস,এস-সি পরীক্ষা শুরু হইবে। এই পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বহুদিন যাবত শূন্য

(১ম পৃঃ পর)

বোর্ডের চেয়ারম্যানের ভূমিকা ও দায়িত্বের কোন বিকল্প নাই। পদগুলি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও শিক্ষামন্ত্রণালয় কেন পদগুলি পূরণ করিতেছে না, তাহা রহস্যজনক। তবে দায়িত্বশীল সূত্রে বলা হয়, পদগুলি ইতিপূর্বে পূরণের উদ্যোগ নেওয়া হইলেও সেই উদ্যোগ কার্যকর হয় নাই। আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৩টি শিক্ষাবোর্ডের চেয়ারম্যানের পদ জরুরী ভিত্তিতে পূরণ করা প্রয়োজন এমন অভিমত সংশ্লিষ্ট সূত্রের।

দেশের ঢাকা, কুমিল্লা, যশোর ও রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডগুলি স্বশাসিত প্রতিষ্ঠান। কিন্তু বোর্ডসমূহের চেয়ারম্যানের পদগুলি সব সময় শিক্ষা মন্ত্রণালয় হইতে পূরণ করা হয়। নিয়োগের ক্ষেত্রে দক্ষতা, অভিজ্ঞতা ও সিনিয়রিটির বিষয়টি বিবেচনা করা হয়। কিন্তু বিগত সরকারের আমলে বোর্ডের চেয়ারম্যানের পদটির নিয়োগ লইয়া নানাবিধ জটিলতা সৃষ্টির অভিযোগ রহিয়াছে। অনেক ক্ষেত্রে রাজনৈতিক চাপে দক্ষ চেয়ারম্যান নিয়োগের বিষয়টি ব্যাহত হয়। কিন্তু বর্তমান সরকার, সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার নীতিতে বিশ্বাসী এবং যোগ্য ব্যক্তিকে যথাযথ পদে নিয়োগ দিতে বদ্ধপরিকর এমন ঘোষণা দেওয়া সত্ত্বেও দেশের ৩টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের পদ দীর্ঘদিন শূন্য রাখার কোন কারণ থাকিতে পারে না।